



২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/২০০৩/৫৯১১

তারিখ : ২৬ আঘাট, ১৪৩৩ বঙ্গাব্দ
১০ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দ

আঞ্চলিক পরিচালক

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
আঞ্চলিক কেন্দ্র (সকল)।

অতীব জরুরী

বিষয়: বাউবি'র বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের জন্য যে সকল শিক্ষার্থী নির্ধারিত সময়ে পুন:পরীক্ষার ফি জমা দিতে পারেনি তাদের আবেদনের প্রেক্ষিতে বিশেষ বিবেচনায় বিলম্ব ফিসহ পুন:পরীক্ষার ফি জমাদান প্রসঙ্গে।

সূত্র: ২৪৬/বাউবি/পরীক্ষা/বিএ/বিএসএস/ ২০০৩/ ৪৮২২; তারিখ: ২৬/০২/২০২৬খ্রিঃ।

জনাব

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৪ এর ফলাফলে অকৃতকার্য বা পরীক্ষায় অনুপস্থিত শিক্ষার্থীদের বিএ এবং বিএসএস পরীক্ষা-২০২৫ এ অংশগ্রহণের নিমিত্তে পুন:পরীক্ষার ফি জমা দেয়ার জন্য পরীক্ষা বিভাগের সূত্রে উল্লিখিত পত্রের মাধ্যমে বিলম্ব ফি ব্যতিত গত ২৭/০২/২০২৬ হতে ২৭/০৩/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত এবং বিলম্ব ফিসহ গত ২৮/০৩/২০২৬ তারিখ হতে ১০/০৪/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত অনলাইনে ফি জমার সময় শেষ হয়েছে। কিন্তু নির্ধারিত সময়ের মধ্যে অনেক শিক্ষার্থী ফি জমা দিতে না পারায় বিলম্ব ফিসহ বিশেষ বিবেচনায় পুন:পরীক্ষার ফি জমা দেয়ার জন্য আবেদন করেছেন।

২। শিক্ষার্থীদের আবেদনের বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক বিশেষ বিবেচনায় অনুমোদিত হওয়ায় সংশ্লিষ্ট শিক্ষার্থীগণ পুন:পরীক্ষার ফি জমা দেয়ার নীতিমালা মোতাবেক বিলম্ব ফিসহ পুন:পরীক্ষার ফি (যে সকল শিক্ষার্থী এ সুযোগ নিতে চায়) আগামী ১৫/০৭/২০২৬ হতে ৩১/০৭/২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত জমা দিতে পারবেন।

৩। exam.bou.ac.bd ওয়েব সাইটের “পুন:নিরীক্ষণ ও পুন:পরীক্ষা” লিংকে গিয়ে পুন:পরীক্ষার আবেদন এবং কোর্স ফি জমা প্রদান করতে হবে (উক্ত লিংকে আবেদন এবং ফি জমা দেয়ার নিয়মাবলী দেয়া আছে)। নির্ধারিত তারিখের পর পুনঃ পরীক্ষার ফি জমা দেয়া যাবে না।

এমতাবস্থায়, উল্লিখিত বিষয়টি আপনার আঞ্চলিক কেন্দ্রাধীন সকল উপ-আঞ্চলিক কেন্দ্র, স্টাডি সেন্টার ও সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

ধন্যবাদসহ।

মোঃ হাবিবুল্লাহ মাহামুদ
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

১. ডিন, এসএসএইচএল, বাউবি।
২. পরিচালক, এসএসএস বিভাগ, বাউবি।
৩. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি (পত্রটি বাউবি'র ওয়েব সাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হ'ল)।
৪. আইসিটি কনসালটেন্ট, বাউবি।
৫. যুগ্ম-আঞ্চলিক পরিচালক/উপ-আঞ্চলিক পরিচালক/সহ: আঞ্চলিক পরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, উপ-আঞ্চলিক কেন্দ্র(সকল), বাউবি।
৬. একান্ত সচিব, উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭. একান্ত সচিব, প্রো-উপাচার্য (শিক্ষা)-এর দপ্তর, বাউবি। প্রো-উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮. সহকারী সিনিয়র প্রোগ্রামার, কম্পিউটার ইউনিট, পরীক্ষা বিভাগ, বাউবি।
৯. সংরক্ষণ নথি।

বাউবির দীক্ষা: সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা